আজকের কাগজ

তারিখ ... 12 MAR 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ৮

41

# সরকারি কলেজ শিক্ষকদের দুই ঘন্টার কর্মবিরতি শুরু

**কাগজ প্রতিবেদক ঃ** দেশের ২৪৯টি সরকারি কলেজের শিক্ষকরা ১২ দফা দাবি আদায়ের লক্ষ্যে গতকাল দু'ঘন্টা কর্মবিরতি পালন করে। প্রায় ১২ হাজার শিক্ষক সকাল ১০টা থেকে এ কর্মসূচিতে অংশ নেয়। এ কর্মসূচি আগামী ১৬ মার্চ পর্যন্ত চলবে বলে শিক্ষকরা জানিয়েছেন।

সরকারি কলেজের অধ্যাপক ও প্রভাষক সমিতি জানিয়েছে, তারা আসছে ৮ এপ্রিল থেকে অনির্দিষ্টকালের জন্যে কর্মবিরতিতে নামছেন। সমিতি আরো জানায়, দাবি মানা না হলে তারা মে, জুন ও জুলাইয়ের অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষা বর্জন করতে পারেন।

বৃহত্তর আন্দোলনের লক্ষ্যে সমিতির কর্মসূচি আসছে ৭ এপ্রিল শিক্ষক ও সমিতির নেতাদের বৈঠকে ঘোষিত হবে। ছাত্র কল্যাণ সমিতির নেতারা শিক্ষকদের এ কর্মসূচিকে সমর্থন জানিয়েছে।

উল্লেখ্য, প্রভাষক, সহযোগী ও সহকারী অধ্যাপকদের পদোন্নতি, শতকরা ১০ ভাগ নির্ধারিত কোটা বাতিল, বেতন বৈষম্য অপসারণ ইত্যাদি দাবিতে সমিতি আন্দোলন করছে।